গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাহিদ মালেক এমপি
মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সভার তারিখ : ০৬/০২/২০২০ খ্রিঃ, সময়: বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সারাদেশে বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ভবন, অবকাঠামো ও যন্ত্রপাতি থাকলেও প্রয়োজনীয় জনবল না থাকায় একদিকে যেমন সেগুলোর শতভাগ সদ্ব্যবহার করা যাচ্ছে না, অন্যদিকে তেমনি আমরা স্বাস্থ্য খাতে সরকারের ব্যাপক উন্নয়ন কার্যক্রমের সুফল সাধারণ মানুষের কাছে পুরোপুরি পৌঁছে দিতে পারছি না। এখন আমাদের স্বাস্থ্য খাতে শূন্য পদে যথাযথভাবে দক্ষ জনবল নিয়োগ দেওয়া প্রধান অগ্রাধিকার।

২। সভায় স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তর/সংস্থার জনবল নিয়োগের ক্ষেত্রে বিরাজমান প্রতিবন্ধকতা এবং তা দূরকরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের সচিবের দায়িত্বে থাকা অতিরিক্ত সচিব (প্রশাসন) জনবল নিয়োগের বিভিন্ন দিক তুলে ধরেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিকনং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	স্বাস্থ্য সেবা বিভাগের অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক সেলের অস্থায়ীভাবে রাজস্বখাতে নবসৃজিত ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ১৩টি পদ পূরণের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	১. প্রধান সমন্বয়ক(যুগ্মসচিব) অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ ২. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ
২	স্বাস্থ্য অধিদপ্তরের ৩য় শ্রেণির নিয়োগ পরীক্ষা কিভাবে হবে তা নিয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে সভা করে আলোচনার মাধ্যমে প্রচলিত আইনের আলোকে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে।	১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা), স্বাস্থ্য সেবা বিভাগ
৩	স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য পদে জনবল নিয়োগের ক্ষেত্রে মহামান্য হাইকোর্টের কোন আদেশ থাকলে তা যথাযথভাবে প্রতিপালন করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৪	স্বাস্থ্য অধিদপ্তরাধীন 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' সংশোধন করে নিয়োগ বিধিমালার খসড়া অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে।	১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা), স্বাস্থ্য সেবা বিভাগ ৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ ৪. উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ
৫	ঔষধ প্রশাসন অধিদপ্তরের অধীনে প্রতি জেলায় সহকারী পরিচালক ও ঔষধ তত্ত্বাবধায়কের পাশাপাশি আরেকটি নতুন পদ সৃজন করতে হবে।	১. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ২. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন)
৬	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে ৫০০০ নার্স নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। একইসঙ্গে নতুন ১৫,০০০ মিডওয়াইফের পদ সৃজনের কার্যক্রম শেষ করতে হবে।	১.অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ ২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ৩. উপসচিব (নার্সিং সেবা-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ ৪. উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ

অঃপৃঃদ্রঃ

৭	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ৭০টি ১ম শ্রেণির সহকারী প্রকৌশলী ও ৩৫০টি ২য় শ্রেণির উপ-সহকারী প্রকৌশলী পদে দ্রুত জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ ২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৮	স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে নতুন নিয়োগ বিধিমালা প্রণয়ন করে শূন্য পদ দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
৯	গাড়ি চালক পদে আউটসোর্সিংয়ের পরিবর্তে সরাসরি জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা প্রধান
১০	টেমোর অধীনে গাড়ির সংখ্যা, কতটি নষ্ট, কতটি চালু এবং রক্ষণাবেক্ষণ করতে কী পরিমাণ অর্থ প্রয়োজন, সে বিষয়ে বিস্তারিত তথ্য এবং জনবল কাঠামোর প্রস্তাব মাননীয় মন্ত্রীর নিকট দাখিল করতে হবে।	ওয়ার্কশপ ম্যানেজার, টেমো
১১	নিমিউ এন্ড টিসিতে প্রয়োজনে এডহক ভিত্তিতে জনবল নিয়োগ করে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি
১২	জনবল নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য নিম্নরূপভাবে উপদেষ্টা কমিটি গঠন করা হল: (১) জনাব জাহিদ মালেক এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - প্রধান উপদেষ্টা (২) জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ - উপদেষ্টা (৩) জনাব মোঃ আলী নূর, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ - উপদেষ্টা কার্যপরিধি: উপদেষ্টা কমিটি জনবল নিয়োগ কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং এটির বাস্তবায়ন তদারকি করবেন।	
১৩	জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত ও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে কারিগরি কমিটি গঠন করা হয়: (ক) স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নিয়োগ কার্যক্রম ত্বরান্বিতকরণ বিষয়ক কারিগরি কমিটি: (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ - আহবায়ক (২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর - সদস্য (৩) অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর - সদস্য (৪) অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ - সদস্য (৫) যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ - সদস্য সচিব কার্যপরিধি: কমিটি সংশ্লিষ্ট অধিদপ্তরের জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন। (খ) ঔষধ প্রশাসন অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নিমিউ এন্ড টিসি এবং টেমোর জনবল নিয়োগ কার্যক্রম ত্বরান্বিতকরণ বিষয়ক কারিগরি কমিটি: (১) অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা), স্বাস্থ্য সেবা বিভাগ - আহবায়ক (২) প্রধান প্রকৌশলী,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর - সদস্য (৩) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি - সদস্য (৪) ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি - সদস্য (৫) স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের প্রতিনিধি - সদস্য (৬) চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি - সদস্য (৭) ওয়ার্কশপ ম্যানেজার, টেমো - সদস্য (৮) যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ - সদস্য সচিব কার্যপরিধি: কমিটি সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন।	

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫.০২.২০২০
(জাহিদ মালেক, এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং--৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭- ৩১৩ তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
১৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা
৪। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৬। অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপসচিব (নার্সিং সেবা-১/২, পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। জনাব মোহাম্মদ মোহসীন উদ্দিন, উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪। সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৫। ডা. ফারুক আহমদ খান, সহযোগী অধ্যাপক(অবসরপ্রাপ্ত), সিএমই, মহাখালী, ঢাকা
১৬। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

26.02.2020

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

o/c